মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

সংশোধিত

২০১৭ সালের এসএসসি পরীক্ষার Online ফরম পুরণ বিজ্ঞপ্তি

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/পরী-এসএসসি/২০১৬/১৮১৩(২৫) **তারিখ ঃ** ১৩/১১/২০১৬ খ্রিঃ

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ২০১৭ সনে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার Online এ ফরম পুরণ ও প্রয়োজনীয় ফি দিনাজপুর শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

উল্লেখ্য, ইতোমধ্যে যারা Online ফরমপুরণ করেছেন এবং যারা ফরমপুরণ করতে পারেননি, তাদের সকলকেই সংশোধিত বিজ্ঞপ্তি অনুযায়ী পুণরায় ফরমপুরণ করতে হবে। ইতোমধ্যে যারা Online-এ ফরমপুরণ করে সোনালী সেবার মাধ্যমে ব্যাংকে টাকা জমা দিয়ে ব্যাংক রশিদ পেয়েছেন তারা নতুন বিজ্ঞপ্তি অনুযায়ী পুণরায় ফরমপুরণ করে ফরমপুরণ Confirm করতঃ Payslip এবং Final Candidate List Print করবেন। তবে Sonali Seba-এর মাধ্যমে টাকা জমা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোকে নতুন করে আর ডিডি ক্রয় করতে হবে না। কিন্তু তাদেরকে ফরমপুরণের কাগজপত্র শিক্ষা বোর্ডে জমাদানের সময় Sonali Seba Payslip এর মূল কপি প্রদর্শন করতে হবে। যারা সোনালী সেবা Payslip বের করে ব্যাংকে টাকা জমা করেননি এবং যারা Payslip Print-ই করতে পারেননি তাদেরকে শুধুমাত্র সোনালী ব্যাংক থেকে ডিডি ক্রয় করতে হবে। ১৪/১১/২০১৬ তারিখের পূর্বে ক্রয়কৃত ডিডি/পে-অর্ডার ফরমপুরণের ফি বাবদগ্রহণ করা হবে না।

০১। **Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন :** শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dinajpureducationboard.gov.bd ও www.dinajpureducationboard.org অর্থবা সরাসরি Link- eff.teletalk.com.bd) এ **১৪/১১/২০১৬** তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে বিলম্ব ফি ছাড়া **১৪/১১/২০১৬** থেকে **১৬/১১/২০১৬** তারিখের মধ্যে এবং বিলম্ব ফিসহ **১৭/১১/২০১৬** থেকে **১৯/১১/২০১৬** তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পুরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) **Online প্রক্রিয়ায় ফরম পুরণের ক্ষেত্রে সর্বোচ্চ ০২ (দুই) বার Confirm করা যাবে। বিলম্ব ফি ছাড়া তারিখের মধ্যে একবার এবং বিলম্ব ফিসহ তারিখের মধ্যে একবার। যারা বিলম্ব ফি-ছাড়া তারিখের মধ্যে Confirm করতে পারবেন না তারা শুধুমাত্র বিলম্ব ফিসহ তারিখের মধ্যে (অর্থাৎ-একবার) Confirm করতে পারবেন।**

(খ) প্রতিষ্ঠানসমূহকে বর্ণিত ওয়েবসাইটে eFF Link-এর মাধ্যমে Login করে প্রাপ্ত Probable List Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করতে হবে। **e-FF সঠিকভাবে করতে Google Chrome ব্রাউজারটি Download করুন এবং Install করে ব্যবহার করুন।**

(গ) উক্ত হার্ডকপিতে (Probable List) টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable List থেকে পরীক্ষার্থী Select করতে হবে।

(ঘ) ফরম পুরণের জন্য পরীক্ষার্থী নির্বাচন করা হলে Temporary List তৈরি হবে। তারপর Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করতে হবে।

(ঙ) যাচাই/বাছাই শেষে Confirm করে Payslip Print করতে হবে। মনে রাখতে হবে Payslip বের না করা পর্যন্ত ফরম পুরণ সম্পন্ন হবে না। বিধায় ডিডি ক্রয় করা যাবে না। প্রাপ্ত Payslip দেখে অনুচ্ছেদ নং- ০৫ ও ০৬ অনুযায়ী ডিডি ক্রয় করতে হবে। উল্লেখ্য Payslip Print করলে Final Candidate List-ও প্রিন্ট করা যাবে। তবে Final Candidate List-এ আর কোন Select/Unselect করা যাবে না ।

(চ) Confirm করার পর Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধানকে স্বাক্ষর করতে হবে।

(ছ) e-SIF হার্ড কপিতে পরীক্ষার্থীর নাম থাকা সত্ত্বেও Probable List-এ ২০১৫-১৬ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থীর নাম না থাকলে ঐ পরীক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও e-SIF হার্ড কপি নিয়ে এ বিষয়ে সরাসরি বিদ্যালয় পরিদর্শক মহোদয়ের সাথে যোগাযোগ করতে হবে।

জ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

০২। **ফরম পুরণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের বিবরণ :**

ক্রমিক নং	কাজের বিবরণ	তারিখ
(ক)	রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০১৭ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ :	২৫/১০/২০১৬
(খ)	নির্বাচনি (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ :	০৫/১১/২০১৬
(গ)	রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ: রেজিঃ নবায়ন ফি- ২০০/- (প্রতি পরীক্ষার্থী) ঃ	১৬/১১/২০১৬
(ঘ)	Online-এ Probable List প্রদর্শন :	১৪/১১/২০১৬
(ঙ)	Online-এ বিলম্ব ফি ছাড়া ফরমপুরণের তারিখ :	১৪/১১/২০১৬ হতে ১৬/১১/২০১৬
(চ)	বিলম্ব ফি ছাড়া শুধুমাত্র সোনালী ব্যাংক থেকে ডিডি ক্রয়ের শেষ তারিখ :	১৭/১১/২০১৬
(ছ)	Online-এ বিলম্ব ফিসহ ফরমপুরণের তারিখ :	১৭/১১/২০১৬ হতে ১৯/১১/২০১৬
(জ)	পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ শুধুমাত্র সোনালী ব্যাংক থেকে ডিডি ক্রয়ের শেষ তারিখ:	২০/১১/২০১৬

০৩। বিলম্ব ফি ছাড়া Online এ ফরম পুরণ করতঃ Confirm করে Final Candidate List ও Payslip প্রিন্ট করণ এবং ডিডি ক্রয়ের তারিখ ঃ

বিলম্ব ফি ছাড়া Online এ ফরম পুরণের তারিখ	বিলম্ব ফি ছাড়া Online এ ফরম পুরণ করতঃ ফরমপুরণ Confirm করে Final Candidate List ও Payslip প্রিন্ট করার তারিখ	Final Candidate List ও Payslip এ উল্লিখিত টাকার পরিমান দেখে সমপরিমান টাকার বিলম্ব ফি ছাড়া ডিডি ক্রয়ের শেষ তারিখ
১৪/১১/২০১৬ - ১৬/১১/২০১৬	১৪/১১/২০১৬ - ১৬/১১/২০১৬	১৭/১১/২০১৬

বিঃদ্রঃ বিলম্ব ফি ছাড়া ফরম পুরণের ক্ষেত্রে Payslip-এ উল্লিখিত টাকার সমপরিমাণ অর্থের ডিডি সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে নির্ধারিত ১৭/১১/২০১৬ তারিখের মধ্যেই ক্রয় করতে হবে। এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বিলম্ব ফি-সহ ফরমপুরণের ফি পরিশোধ করতে হবে।

০৪। বিলম্ব ফি-সহ Online এ ফরম পুরণ করতঃ Confirm করে Final Candidate List ও Payslip প্রিন্ট করণ এবং ডিডি ক্রয়ের তারিখ ঃ

বিলম্ব ফি-সহ Online এ ফরম পুরণের তারিখ	বিলম্ব ফি-সহ Online এ ফরম পুরণ করতঃ ফরমপুরণ Confirm করে Final Candidate List ও Payslip প্রিন্ট করার তারিখ	Final Candidate List ও Payslip এ উল্লিখিত টাকার পরিমান দেখে সমপরিমান টাকার বিলম্ব ফি-সহ ডিডি ক্রয়ের শেষ তারিখ
১৭/১১/২০১৬ - ১৯/১১/২০১৬	১৭/১১/২০১৬ - ১৯/১১/২০১৬	২০/১১/২০১৬

বিঃদ্রঃ বিলম্ব ফি-সহ ফরম পুরণের ক্ষেত্রে Payslip-এ উল্লিখিত টাকার সমপরিমাণ অর্থের ডিডি সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে নির্ধারিত ২০/১১/২০১৬ তারিখের মধ্যেই ক্রয় করতে হবে। এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে যাবতীয় দায়-দায়িত্ব বহন করতে হবে।

০৫। ক) ফি এর হার :

পরীক্ষার্থীর ধরন (১)	পরীক্ষার ফি (পত্র প্রতি) (২)	ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) (৩)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) (৪)	মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) (৫)	অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) (৬)	অনুমতি ও তালিকা ভুক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) (৭)	বয় স্কাউট/ গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) (৮)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি) (৯)	বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) (১০)
নিয়মিত পরীক্ষার্থী	৮০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	×	×	১৫.০০	৫.০০	৩০০.০০
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি।	৮০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	১০০.০০	×	১৫.০০	৫.০০	
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে।	৮০.০০	৩০.০০	৩৫.০০	×	১০০.০০	×	১৫.০০	৫.০০	
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	৮০.০০	৩০.০০	৩৫.০০	১০০.০০	×	১০০.০০	১৫.০০	৫.০০	

খ) বিলম্ব ফি পরীক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা।

গ) কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে) :

(১) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা।

(২) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে পরীক্ষার্থী প্রতি ৩০০.০০ (তিনশত) টাকা।

০৬। পরীক্ষার ফিসের ব্যাংক ড্রাফট (ডিডি) ক্রয় সংক্রান্ত ঃ ২০১৭ সালের এসএসসি পরীক্ষার ফিসের ব্যাংক ড্রাফট (ডিডি) সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর অনুকূলে শুধুমাত্র সোনালী ব্যাংক-এর যে কোন শাখা থেকে ক্রয় করা যাবে।

০৭। **পরীক্ষার ফি-এর ব্যাংক ড্রাফ্‌ট, পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট আউট (Final Candidate List) ও Payslip শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ নিম্নরূপ ঃ**

ক্রঃ নং	জেলার নাম	প্রতিষ্ঠানের Final Candidate List প্রিন্ট কপি, ডিডি এবং অন্যান্য কাগজপত্র জেলা ভিত্তিক শিক্ষা বোর্ডে জমা গ্রহণের তারিখঃ
(১)	রংপুর	২৭/১১/২০১৬
(২)	গাইবান্ধা	২৮/১১/২০১৬
(৩)	নীলফামারী	২৯/১১/২০১৬
(৪)	কুড়িগ্রাম	৩০/১১/২০১৬
(৫)	লালমনিরহাট	০১/১২/২০১৬
(৬)	দিনাজপুর	০৪/১২/২০১৬
(৭)	ঠাকুরগাঁও	০৫/১২/২০১৬
(৮)	পঞ্চগড়	০৬/১২/২০১৬

০৮। **পরীক্ষার মাধ্যম :** বাংলা/ ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে । কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ১৭/১১/২০১৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

ছক

শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা	শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা	শাখা	বিষয় ও কোড	শিক্ষার্থীর সংখ্যা

০৯। **নিয়মিত পরীক্ষার্থী :**

২০১৫ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীর ২০১৭ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

১০। **অনিয়মিত পরীক্ষার্থী :**

(ক) ২০১৩ এবং ২০১৪ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০১৫ এবং ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব–স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে এক থেকে চার বিষয়ে অকৃতকার্যপরীক্ষার্থীরা রেজিঃ এর মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সনের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০১৫ সনের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যার ২০১৬ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশনএর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সনের পরীক্ষায় পূর্বের অকৃতকার্যবিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ঐচ্ছিক বিষয়েপরীক্ষা দিতে পারবে না।

(ঘ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ :

২০১২ সনের রেজি:ধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০১৭ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশ গ্রহণকরতে পারবে। উপরের খ থেকে ঘ এ উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০১৭ সনের পরীক্ষায় তাদের অংশ গ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জি পি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া :

ঘ এ উল্লিখিত রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান রেজিস্ট্রেশন নবায়ন ফি পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত)টাকা হারে শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে সোনালী ব্যাংকের ডিডি এর মাধ্যমে শিক্ষা বোর্ডের হিসাব আয় শাখায় জমাদান করে প্রাপ্ত রশিদের ফটোকপিসহ নিম্নের ছক অনুযায়ী ২ কপি তালিকা ও মূল রেজিস্ট্রেশনকার্ড পরীক্ষা নিয়ন্ত্রক-এর দপ্তরে জমা দিয়ে নবায়নকৃত রেজি: কার্ড সংগ্রহ করতে হবে এবং উক্ত নবায়নকৃত রেজি: কার্ডের সত্যায়িত ফটোকপি পরীক্ষার্থীর বিবরণী ফরমের সাথে জমা দিতে হবে।

ছক

পূর্ববর্তী পরীক্ষার সন ও রোল নম্বর	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রেজি. নম্বর ও শিক্ষাবর্ষ	যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজি. কৃত তার নাম	অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর

১১। **জিপিএ উন্নয়ন :**

কেবল ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০১৭ সনের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৭ সনের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি প্রিন্ট কপির সাথে জমা দিতে হবে।

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর ফরম পুরণ নিম্নরূপে Online-এ e-FF এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

RANGPUR GOVT. COLLEGE (5300)

Thana/Upazilla: , Zilla:

Just Click Here → Add IMP/TC Student | Temporary List | Confirm Form-Fillup | Final List | Pay Slip | Logout

Print **Probable Candidate List**

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর ফরম পুরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বর্তমান প্রতিষ্ঠানের ফরম পুরণের জন্য দেয়া e-FF Page-এ গিয়ে উপরের ছকে উল্লিখিত e-FF Page-এর Thana/Upazilla: , Zilla: এর নিচে **Add IMP/TC Student** বক্স থাকবে যেখানে Click করলে একটি নতুন Window Open হবে। সেখানে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর Session-এর বক্সে শিক্ষাবর্ষ (অর্থাৎ শিক্ষাবর্ষ ২০১৪-২০১৫ হলে শুধুমাত্র ২০১৪ লিখতে হবে) ও Registration-এর বক্সে দিনাজপুর শিক্ষা বোর্ড থেকে প্রাপ্ত রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Search-এ Click করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর সকল তথ্য নিচে প্রদর্শন করবে। সংশ্লিষ্ট পরীক্ষার্থীর তথ্য যাচাই-বাছাই করে Action Column-এর Add-এ Click করলে উক্ত পরীক্ষার্থী ফরম পুরণের জন্য প্রয়োজনীয় সকল তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের e-FF Page-এ সংযুক্ত হবে। তারপর অন্যান্য পরীক্ষার্থীর ন্যায় ঐ পরীক্ষার্থীর ফরম পুরণ করা যাবে।

Search for Students to add for registration

Type

( ) TC

(•) IMPROVEMENT

Session [ ] Registration [ ] [Search]

একটি নতুন Window Page-এর চিত্র

Just Click Here

REG. NO	SESSION	ACTION	STUDENT'S NAME FATHER'S NAME MOTHER'S NAME	GENDER GROUP	INFO
1117609825	2014	ADD	ENAM HAIDER SHAHIL MD. ISLAM HAIDER REZUNA SHAHIN	MALE	Serial: 0272 Sub.Codes: 101 107 127 174 176 178

একটি Improvement Student-এর তথ্যের Page চিত্র

১২। **বহিস্কৃত পরীক্ষার্থী :**

বহিস্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০১৭ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। **চতুর্থ বিষয়ের সুবিধা :** ২০১৩ ও ২০১৪ সনের রেজি.ধারী পরীক্ষার্থীরা ২০১৫ ও ২০১৬ সনের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০১৭ সনে পরীক্ষা দিলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে এবং ২০১৩ও ২০১৪ সনের রেজি.ধারী পরীক্ষার্থীরা যারা ২০১৫ ও ২০১৬ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০১৭ সনের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১৪। **পাঠ্যসূচি :**

ক) ২০১২- ২০১৩ শিক্ষা বর্ষের শিক্ষার্থীদের ২০১৪ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রেপরীক্ষা অনুষ্ঠিতহবে।

খ) ২০১৩- ২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষের শিক্ষার্থীদের ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে

গ) ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষের শিক্ষার্থীদের ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে

১৫। **নির্বাচনি পরীক্ষা :** জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদেরনির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।

১৬। **ছাড়পত্রধারী (TC) পরীক্ষার্থীর ফরম পুরণ সংক্রান্ত :** TC (ছাড়পত্রধারী) পরীক্ষার্থীদের ফরম পুরণ Online (e-FF)-এর মাধ্যমে সম্পন্ন করা যাবে না। এক্ষেত্রে TC (ছাড়পত্রধারী) পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের ফরম পুরণের জন্য প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করবেন। আবেদনের সাথে বৈধ ছাড়পত্রের কপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং প্রতিষ্ঠানের দেয়া TC'র ফটোকপি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। TC (ছাড়পত্রধারী) পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের ফরম পুরণের ডিডি সচিব, দিনাজপুর শিক্ষা বোর্ড-এর অনুকূলে সোনালী ব্যাংক থেকে পৃথকভাবে ক্রয় করতে হবে এবং ফরমপুরণের কাগজপত্র জমাদানের নির্ধারিত দিনে শিক্ষা বোর্ডের ব্যাংক বুথে উক্ত ডিডি ব্যাংক রশিদে জমা করে প্রাপ্ত রশিদের কপি আবেদনসহ অন্যান্য কাগজপত্রের সাথে সংযুক্ত করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ মানিক হোসেন-এর নিকট জমা দিতে হবে। প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে ছাড়পত্রধারী পরীক্ষার্থীদের তথ্য যাচাই-বাছাই শেষে শিক্ষা বোর্ড তাদের ফরম পুরণ কার্যক্রম সম্পন্ন করবে।

১৭। **স্ক্রাইব (শ্রুতি লেখক) নিয়োগ :** শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধ প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতি লেখক) নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে পার্শ্ববর্তী স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের ৮ম শ্রেণীর শিক্ষার্থীদের মধ্য থেকে স্ক্রাইব (শ্রুতি লেখক) নির্বাচন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীর স্ক্রাইব (শ্রুতি লেখক) এর পূর্ণ বিবরণ ও অভিভাবকের সম্মতিসহ আবেদনকারীর ০২ (দুই) কপি ও শ্রুতি লেখকের ২ (দুই)কপি সত্যায়িত ছবি এবং মোবাইল নম্বর সম্বলিত দরখাস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য সংশ্লিষ্ট পরীক্ষার প্রবেশপত্র পাওয়ার পর মূল প্রবেশপত্রসহ পরীক্ষা শুরুর ০৪/০৫ দিন পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। শ্রুতি লেখকের জন্য আবেদন করলে আবেদনের সাথে সিভিল সার্জন ও সমাজ সেবা অধিদপ্তরের সার্টিফিকেট-এর ফটোকপি সত্যায়িত করে জমা দিতে হবে। এ ধরনের পরীক্ষার্থীদের অতিরিক্ত ২০ (কুড়ি) মিনিট সময় বৃদ্ধি করা যাবে। এ ধরণের পরীক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই কেন্দ্র প্রধান/প্রধান শিক্ষক/অধ্যক্ষ/কেন্দ্র সচিব তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৮। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫, তারিখ- ২৯/০৯/২০১৫ এর নির্দেশনা অনুযায়ী প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপাল্সি) শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুবিধার জন্য শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর প্রয়োজন হয় বিধায় তাদের বিশেষ ব্যবস্থাপনায় পরীক্ষা প্রদানের সুযোগ দিতে হবে। এ ধরণের পরীক্ষার্থীদের সাধারণ পরীক্ষার্থীদের তুলনায় ৩০ (ত্রিশ) মিনিট অতিরিক্ত সময় প্রদান করতে হবে। যে কেন্দ্রে এ ধরণের পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই কেন্দ্র প্রধান/প্রধান শিক্ষক/অধ্যক্ষ/কেন্দ্র সচিব তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ ধরণের শিক্ষার্থীদের অভিভাবককে উল্লিখিত সুবিধা গ্রহণের জন্য পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়ার পর মূল প্রবেশপত্রসহ পরীক্ষা নিয়ন্ত্রক, দিনাজপুর শিক্ষা বোর্ড বরাবর আবেদন করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। আবেদনের সাথে সিভিল সার্জন/বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত অটিজম/ডাউন সিনড্রোম/সেরিব্রালপাল্সি সনাক্তকরণ সনদ, পরীক্ষার্থী ও সাহায্যকারীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি করে সত্যায়িত ছবি জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-
মোঃ তোফাজ্জুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/পরী-এসএসসি/২০১৬/১৮১৩(২৫) **তারিখ ঃ** ১৩/১১/২০১৬ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
০৬। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
০৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৮। কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র। **(তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি প্রসঙ্গ অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)**
০৯। দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
১১। দিনাজপুর শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
১২। নোটিশ বোর্ড।
Website Copy।
১৪। সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত/-
মোঃ মানিক হোসনে
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোন ঃ ০৫৩১-৫১৯৭৩ (অফিস)

১ম কপি (ব্যাংক)

সোনালী/অগ্রণী/জনতা/ডাচ্-বাংলা/মার্কেন্টাইল
ব্যাংক লিমিটেড, দিনাজপুর।
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

জমা রশিদ নং - [ ]

এসটিডি হিসাব নং-............ তারিখ.........................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.......................................
....
....
উপজেলা......................... জেলা..........................
ফোন/মোবাইল নং ....
প্রতিষ্ঠানের EIIN......................... কোড...............
জমার উদ্দেশ্য...
....
মোট ছাত্র/ছাত্রী সংখ্যা ....

ডিডি/পি. ও নং ক)...................... তাং......................
খ)...................... তাং......................
ইস্যুকারী ব্যাংকের নাম ....
শাখা ....
উপজেলা......................... জেলা..........................
মোট টাকা- [ ]
কথায়...
....

জমাকারীর স্বাক্ষর | হিসাব সহকারীর স্বাক্ষর
দিনাজপুর শিক্ষা বোর্ড | অফিসার/ক্যাশিয়ারের স্বাক্ষর
.... ব্যাংক
দিনাজপুর।

২য় কপি (ব্যাংক এর মাধ্যমে হিসাব আয় শাখায়)

সোনালী/অগ্রণী/জনতা/ডাচ্-বাংলা/মার্কেন্টাইল
ব্যাংক লিমিটেড, দিনাজপুর।
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

জমা রশিদ নং - [ ]

এসটিডি হিসাব নং-............ তারিখ.........................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.......................................
....
....
উপজেলা......................... জেলা..........................
ফোন/মোবাইল নং ....
প্রতিষ্ঠানের EIIN......................... কোড...............
জমার উদ্দেশ্য...
....
মোট ছাত্র/ছাত্রী সংখ্যা ....

ডিডি/পি. ও নং ক)...................... তাং......................
খ)...................... তাং......................
ইস্যুকারী ব্যাংকের নাম ....
শাখা ....
উপজেলা......................... জেলা..........................
মোট টাকা- [ ]
কথায়...
....

জমাকারীর স্বাক্ষর | হিসাব সহকারীর স্বাক্ষর
দিনাজপুর শিক্ষা বোর্ড | অফিসার/ক্যাশিয়ারের স্বাক্ষর
.... ব্যাংক
দিনাজপুর।

৩য় কপি (হিসাব আয় শাখায়)

সোনালী/অগ্রণী/জনতা/ডাচ্-বাংলা/মার্কেন্টাইল
ব্যাংক লিমিটেড, দিনাজপুর।
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

জমা রশিদ নং - [ ]

এসটিডি হিসাব নং-............ তারিখ.........................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.......................................
....
....
উপজেলা......................... জেলা..........................
ফোন/মোবাইল নং ....
প্রতিষ্ঠানের EIIN......................... কোড...............
জমার উদ্দেশ্য...
....
মোট ছাত্র/ছাত্রী সংখ্যা ....

ডিডি/পি. ও নং ক)...................... তাং......................
খ)...................... তাং......................
ইস্যুকারী ব্যাংকের নাম ....
শাখা ....
উপজেলা......................... জেলা..........................
মোট টাকা- [ ]
কথায়...
....

জমাকারীর স্বাক্ষর | হিসাব সহকারীর স্বাক্ষর
দিনাজপুর শিক্ষা বোর্ড | অফিসার/ক্যাশিয়ারের স্বাক্ষর
.... ব্যাংক
দিনাজপুর।

৪র্থ কপি (পরীক্ষা/সংশ্লিষ্ট শাখায়)

সোনালী/অগ্রণী/জনতা/ডাচ্-বাংলা/মার্কেন্টাইল
ব্যাংক লিমিটেড, দিনাজপুর।
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

জমা রশিদ নং - [ ]

এসটিডি হিসাব নং-............ তারিখ.........................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.......................................
....
....
উপজেলা......................... জেলা..........................
ফোন/মোবাইল নং ....
প্রতিষ্ঠানের EIIN......................... কোড...............
জমার উদ্দেশ্য...
....
মোট ছাত্র/ছাত্রী সংখ্যা ....

ডিডি/পি. ও নং ক)...................... তাং......................
খ)...................... তাং......................
ইস্যুকারী ব্যাংকের নাম ....
শাখা ....
উপজেলা......................... জেলা..........................
মোট টাকা- [ ]
কথায়...
....

জমাকারীর স্বাক্ষর | হিসাব সহকারীর স্বাক্ষর
দিনাজপুর শিক্ষা বোর্ড | অফিসার/ক্যাশিয়ারের স্বাক্ষর
.... ব্যাংক
দিনাজপুর।

৫ম কপি (জমাদানকারীর)

সোনালী/অগ্রণী/জনতা/ডাচ্-বাংলা/মার্কেন্টাইল
ব্যাংক লিমিটেড, দিনাজপুর।
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

জমা রশিদ নং - [ ]

এসটিডি হিসাব নং-............ তারিখ.........................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.......................................
....
....
উপজেলা......................... জেলা..........................
ফোন/মোবাইল নং ....
প্রতিষ্ঠানের EIIN......................... কোড...............
জমার উদ্দেশ্য...
....
মোট ছাত্র/ছাত্রী সংখ্যা ....

ডিডি/পি. ও নং ক)...................... তাং......................
খ)...................... তাং......................
ইস্যুকারী ব্যাংকের নাম ....
শাখা ....
উপজেলা......................... জেলা..........................
মোট টাকা- [ ]
কথায়...
....

জমাকারীর স্বাক্ষর | হিসাব সহকারীর স্বাক্ষর
দিনাজপুর শিক্ষা বোর্ড | অফিসার/ক্যাশিয়ারের স্বাক্ষর
.... ব্যাংক
দিনাজপুর।